**Bangladesh Association of International Recruiting Agencies**
**(BAIRA)**


(ই-মেইল/হোয়াটসঅ্যাপ গ্রুপ যোগে প্রেরিত)

স্মারক নং: বায়রা/৩(৯)/২০২৫/৪৮৮

তারিখঃ ২০ কার্তিক ১৪৩২ / ০৫ নভেম্বর ২০২৫

প্রাপক:
সম্মানিত সদস্য (সকল)
বায়রা।

**বিষয়ঃ মালয়েশিয়ায় কর্মী প্রেরণের নতুন সুযোগ: বেসরকারি রিক্রুটিং এজেন্ট সিলেকশন ক্রাইটেরিয়া সংক্রান্ত প্রত্যয়ন প্রদান।**

সূত্র: মন্ত্রণালয়ের স্মারক নং- ১। ৪৯.০০.০০০০.০৫৭.২৭.৫৩০.২৪-২৭৫, তারিখ: ০৪ নভেম্বর ২০২৫ খ্রি.
২। ৪৯.০০.০০০০.০৫৭.২৭.৫৩০.২৪-২৬৬, তারিখ: ২৯ অক্টোবর ২০২৫ খ্রি.
৩। ৪৯.০০.০০০০.০৫৭.২৭.৫৩০.২৪-২৬৫, তারিখ: ২৯ অক্টোবর ২০২৫ খ্রি.

জনাব

আস্-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মালয়েশিয়ায় কর্মী প্রেরণের নতুন সুযোগ: বেসরকারি রিক্রুটিং এজেন্ট সিলেকশন ক্রাইটেরিয়া সংক্রান্ত প্রত্যয়ন প্রদান বিষয়ক প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এর পত্রের কপি সদয় কার্যার্থে ও অবগতির নিমিত্ত নির্দেশক্রমে এতদ্সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ৩ পাতা বর্ণনামতে।

বায়রা'র পক্ষে

(মোঃ নজরুল ইসলাম)
সচিব

**অনুলিপি সদয় অবগতির জন্যঃ**

১। সিনিয়র সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ইস্কাটন গার্ডেন, ঢাকা
*(দৃষ্টি আকর্ষণ: যুগ্মসচিব, মনিটরিং ও এনফোর্সমেন্ট অনুবিভাগ)*।
২। মহাপরিচালক (গ্রেড-১), জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
৩। প্রশাসক, বায়রা, ঢাকা।
৪। অধ্যক্ষ, BISTI, গাজীপুর।
৫। নোটিশ বোর্ড (বায়রা ও ডাটাবেজ)/ওয়েবসাইট (www.baira.org.bd)।
৬। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।


**BAIRA BHABAN** : 130, New Eskaton Road, Dhaka-1000, Bangladesh. Tel : +88-02-41032136-38, Fax : +88-02-41032144
E-mail : baira1984@gmail.com, info@baira.org.bd, Web : www.baira.org.bd

বাংলা সচিবালয়, ...কা
সম্মানিত প্রশাসক
সচি...
ম্যানেজার/ওএস/এস...ও/
আইটিও/..........
রিসেপশনিষ্ট
ডকেট/ডায়েরী
তারিখ ও সময়: 05/11

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা
মনিটরিং শাখা
www.probashi.gov.bd

স্মারক নম্বর ৪৯.০০.০০০০.০৫৭.২৭.৫৩০.২৪-২৭৫

তারিখ: ১৯ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ / ০৪ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: মালয়েশিয়ায় কর্মী প্রেরণের নতুন সুযোগ: বেসরকারি রিক্রুটিং এজেন্ট সিলেকশন ক্রাইটেরিয়া সংক্রান্ত প্রত্যয়ন প্রদান।

সূত্র: নম্বর ৪৯.০০.০০০০.০৫৭.২৭.৫৩০.২৪.২৬৬, তারিখ: ২৯-১০-২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে প্রকাশিত বিজ্ঞপ্তিতে মালয়েশিয়ায় কর্মী প্রেরণে আগ্রহী নির্ধারিত ক্রাইটেরিয়া পূরণকারী রিক্রুটিং এজেন্টগণকে আগামী ০৭ নভেম্বর ২০২৫ তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ মন্ত্রণালয় বরাবর আবেদন দাখিল করতে বলা হয়েছে। বর্ণিত বিজ্ঞপ্তির ১, ২, ৩, ৫, ৭ ও ৯ নং মানদণ্ডের উদ্দেশ্য পূরণকল্পে রিক্রুটিং এজেন্সির আবেদনের পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় প্রত্যয়ন পত্র ইস্যু করা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, মহাপরিচালক, বিএমইটি-কে এজেন্সিসমূহকে প্রয়োজনীয় যাচাই-বাছাই অন্তে আবেদনকারী রিক্রুটিং এজেন্সির অনুকূলে প্রয়োজনীয় প্রত্যয়নপত্র প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪/১১/২৫
(মোঃ শিবলী সাদিক)
সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বর : ৪১০৩০২৩৭
saoenforcement@probashi.gov.bd

মহাপরিচালক (গ্রেড-১)
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৮৯/২,কাকরাইল, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য:

১। সিনিয়র সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (মনিটরিং ও এনফোর্সমেন্ট অনুবিভাগ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৩। অফিস কপি।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
মনিটরিং শাখা
www.probashi.gov.bd

| বায়রা সচিবালয়, ঢাকা | |
|---|---|
| সম্মানিত প্রশাসক ..................... | সচিব |
| ম্যানেজার/ওএস/এসও/এও/আইটিও/.................. | |
| প্রিন্সিপাল/নিষ্ট | |
| ডকেট/ডায়েরী নং | 1167 |
| তারিখ ও সময় | 05/11/25 |

নম্বর:৪৯.০০.০০০০.০৫৭.২৭.৫৩০.২৪.২৬৬

তারিখ: ১৪ কার্তিক ১৪৩২
২৯ অক্টোবর ২০২৫

# বিজ্ঞপ্তি

**বিষয়: মালয়েশিয়ায় কর্মী প্রেরণের নতুন সুযোগ: বেসরকারি রিক্রুটিং এজেন্ট সিলেকশন ক্রাইটেরিয়া**

মালয়েশিয়ায় কর্মী প্রেরণের ক্ষেত্রে আগে বাংলাদেশের তুলনায় অন্য দেশের বেশী রিক্রুটিং এজেন্সীকে সুযোগ দেয়া হতো। বর্তমান সরকার অন্যান্য কর্মী প্রেরণকারী দেশের সাথে সামঞ্জস্য ও সমতা রক্ষা করে বাংলাদেশি বৈধ লাইসেন্সধারী সকল রিক্রুটিং এজেন্টকে তালিকাভুক্ত করার বিষয়ে বারবার অনুরোধ জানিয়ে আসছিলো। গত ২১-২২ মে ২০২৫ তারিখ বাংলাদেশ ও মালয়েশিয়ার মধ্যে ঢাকায় অনুষ্ঠিত ৩য় জয়েন্ট ওয়ার্কিং গ্রুপের সভায় বিস্তারিত আলোচনা শেষে মালয়েশিয়ার প্রতিনিধিদল অন্য দেশের মতো একই সুযোগ প্রদান করার লক্ষ্যে বেসরকারি রিক্রুটিং এজেন্ট নির্বাচনের মানদন্ড নির্ধারণ এবং তা বাংলাদেশকে অবহিত করার প্রতিশ্রুতি প্রদান করে। সে পরিপ্রেক্ষিতে ২৮ অক্টোবর ২০২৫ তারিখে তাদের নিকট থেকে পত্রে নিম্নরূপ 'রিক্রুটিং এজেন্ট সিলেকশন ক্রাইটেরিয়া'পাওয়া গেছে। আগামীতে এসব অভিন্নভাবে মানদন্ডের ভিত্তিতে বাংলাদেশ, ভারত, নেপাল, পাকিস্তান ও মায়ানমারের রিক্রুটিং এজেন্ট ঠিক করা হবে বলেও জানা গেছে।

বেসরকারি রিক্রুটিং এজেন্ট সিলেকশন ক্রাইটেরিয়া বা মানদন্ডগুলো:

১. লাইসেন্স প্রাপ্তির পর ন্যূনতম ৫ বছর সন্তোষজনক কার্যক্রম পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে।
২. বিগত ৫ বছরে বিদেশে ন্যূনপক্ষে ৩,০০০ কর্মী প্রেরণের প্রমাণক থাকতে হবে।
৩. বিগত ৫ বছরের মধ্যে অন্তত ৩টি ভিন্ন ভিন্ন গন্তব্য দেশে কর্মী প্রেরণ ও কর্মসংস্থানের অভিজ্ঞতা থাকতে হবে।
৪. প্রশিক্ষণ, মূল্যায়ণ, নিয়োগ এবং বিদেশে কর্মসংস্থানের বিষয়ে বাংলাদেশের সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষ কর্তৃক রিক্রুটিং এজেন্সির অনুকূলে বৈধ লাইসেন্স থাকতে হবে।
৫. কর্মী প্রেরণকারী দেশের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক রিক্রুটিং এজেন্সির অনুকূলে সদাচরণের সনদ (Certificate of Good Conduct) থাকতে হবে।
৬. এজেন্সির বিরুদ্ধে জবরদস্তিমূলকভাবে শ্রমে নিয়োগ, মানব পাচার, শ্রম আইন লঙ্ঘন, জোরপূর্বক অর্থ আদায় (extortion), অর্থপাচার বা অন্য কোনো আর্থিক অপরাধ এবং অনৈতিক অভিবাসন কর্মকান্ডে জড়িত থাকার রেকর্ড থাকা যাবে না।
৭. সামগ্রিক সুবিধাদিসহ রিক্রুটিং এজেন্সির নিজস্ব প্রশিক্ষণ ও মূল্যায়ন কেন্দ্র থাকতে হবে- যেখানে আবাসন, কারিগরি প্রশিক্ষণ সুবিধাসহ দিকনির্দেশনা মডিউল (Induction module) থাকতে হবে।
৮. এজেন্সির অনুকূলে পৃথক পৃথক ৫ জন আন্তর্জাতিক নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত সন্তোষজনকভাবে অভিবাসন কার্যক্রম সম্পাদনের প্রশংসাপত্র থাকতে হবে।
৯. রিক্রুটিং এজেন্সির অবশ্যই কমপক্ষে ৩ বছর যাবৎ পরিচালিত ন্যূনপক্ষে ১০,০০০ বর্গফুট আয়তনবিশিষ্ট একটি স্থায়ী অফিস থাকবে, যেখানে কর্মী বাছাই ও নিয়োগ কার্যক্রম পরিচালনার মতো অবকাঠামোগত সুবিধা থাকতে হবে।
১০. রিক্রুটিং এজেন্সির অবশ্যই ইতঃপূর্বে বিদেশে কর্মী প্রেরণের ক্ষেত্রে গন্তব্য দেশের (মালয়েশিয়াসহ) নিয়োগ প্রক্রিয়ার শর্তাবলি আইনসম্মত ও পদ্ধতিগতভাবে অনুসরণ করার প্রমাণক থাকতে হবে।

উপযুক্ত শর্তসমূহ পূরণকারী সকল রিক্রুটিং এজেন্টকে কোনরূপ ব্যত্যয় না ঘটিয়ে মালয়েশিয়ায় কর্মী প্রেরণের জন্য তালিকাভুক্ত করতে বাংলাদেশ সরকারের পক্ষ থেকে মালয়েশিয়া সরকারকে অনুরোধ জানানো হবে।

এমতাবস্থায়, উপরে বর্ণিত 'নির্ধারিত সিলেকশন ক্রাইটেরিয়া' পূরণে সক্ষম বাংলাদেশের বৈধ লাইসেন্সধারী রিক্রুটিং এজেন্টসমূহকে আগামী ০৭ নভেম্বর ২০২৫ তারিখের মধ্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের পক্ষ থেকে আহ্বান জানানো যাচ্ছে।

২৯/১০/২০২৫

(রাশিদা আক্তার)
সিনিয়র সহকারী সচিব
মনিটরিং শাখা
টেলিফোন: ৪১০৩০২৩৭
ইমেইল: sasmonitoring1@probashi.gov.bd

**বিতরণ: (সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য ব্যাপক প্রচারের অনুরোধসহ):**

০১। মহাপরিচালক (গ্রেড-১), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।
০২। ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল।
০৩। প্রশাসক, বায়রা, ১৩০, ইস্কাটন, ঢাকা।
০৪। প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
কর্মসংস্থান শাখা-০৩
www.probashi.gov.bd

বায়রা সচিবালয়, ঢাকা
সম্মানিত প্রশাসক ..................
সচিব
ম্যানেজার/ওএস/এসও/এও/আইটিও/..................
রিসেপশনিষ্ট
ডকেট/ডায়েরী নং 465
তারিখ ও সময় 05/11/25

নম্বর: ৪৯.০০.০০০০.০৫৭.২৭.৫৩০.২৪ - ২৫৫

তারিখ: ১৪ কার্তিক ১৪৩২ / ২৯ অক্টোবর ২০২৫

বিষয়: বিজ্ঞপ্তি প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মালয়েশিয়া সরকার কর্তৃক বেসরকারি রিক্রুটিং এজেন্ট সিলেকশন ক্রাইটেরিয়া বা মানদণ্ড নির্ধারণ সংক্রান্ত এ মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত বিজ্ঞপ্তিটি সকল রিক্রুটিং এজেন্সিকে অবহিতকরণের নিমিত্ত এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে

২৯/১০/২০২৫
(রাশিদা আক্তার)
সিনিয়র সহকারী সচিব
মনিটরিং শাখা
টেলিফোন: ৪১০৩০২৩৭
ইমেইল: sasmonitoring1@probashi.gov.bd

বিতরণ: (সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য ব্যাপক প্রচারের অনুরোধসহ):

০১। মহাপরিচালক (গ্রেড-১), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।
০২। ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল।
০৩। প্রশাসক, বায়রা, ১৩০, ইস্কাটন, ঢাকা।
০৪। প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

নম্বর: ৪৯.০০.০০০০.০৫৭.২৭.৫৩০.২৪

তারিখ: ১৪ কার্তিক ১৪৩২ / ২৯ অক্টোবর ২০২৫

**অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০২। উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৩। ফোকাল পয়েন্ট কর্মকর্তা (মালয়েশিয়া) ও উপসচিব (কর্মসংস্থান ১ শাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৪। যুগ্মসচিব (মনিটরিং ও এনফোর্সমেন্ট অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৫। যুগ্মসচিব (কর্মসংস্থান অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৬। অফিস কপি।

২৯/১০/২০২৫
সিনিয়র সহকারী সচিব
মনিটরিং শাখা

CamScanner